# অবশেষে বড় সুখবর পেল সাত কলেজের শিক্ষার্থীরা!

**অনলাইন ডেস্ক**

প্রকাশিত: ১১:৫৯, ৯ ফেব্রুয়ারি ২০২৬; আপডেট: ১২:০৪, ৯ ফেব্রুয়ারি ২০২৬

ছবি: সংগৃহীত

রাজধানীর সাতটি সরকারি কলেজের উচ্চশিক্ষা ও গবেষণা ব্যবস্থাপনায় দীর্ঘ প্রতীক্ষিত ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’ গঠন করে অধ্যাদেশ জারি করেছে সরকার। রবিবার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ, ২০২৬’ গেজেট আকারে প্রকাশ করার মাধ্যমে নতুন এই স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হলো।

কলেজগুলোর স্বকীয়তা বজায় রাখা প্রাথমিক খসড়া অধ্যাদেশে সাতটি কলেজকে চারটি স্কুলে বিভক্ত করার প্রস্তাব থাকলেও চূড়ান্ত অধ্যাদেশে বড় পরিবর্তন আনা হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, কলেজগুলোর প্রাতিষ্ঠানিক ও ঐতিহ্যগত স্বকীয়তা বজায় থাকবে। তবে প্রতিটি কলেজ একাডেমিকভাবে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির প্রশাসনিক কাঠামোর সঙ্গে যুক্ত হবে।

অন্তর্ভুক্ত কলেজসমূহ নতুন এই বিশ্ববিদ্যালয়ের অধীনে উচ্চশিক্ষা ও গবেষণার কার্যক্রম পরিচালিত হবে এই সাতটি কলেজে:

ঢাকা কলেজ
ইডেন মহিলা কলেজ
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ
কবি নজরুল সরকারি কলেজ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ

মিরপুর সরকারি বাঙলা কলেজ
সরকারি তিতুমীর কলেজ

আন্দোলনের পটভূমি ২০১৭ সালে এই কলেজগুলোকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়া হয়েছিল। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে একাডেমিক হয়রানি, সেশনজট ও প্রশাসনিক দীর্ঘসূত্রতার অভিযোগ তুলে শিক্ষার্থীরা আলাদা একটি বিশ্ববিদ্যালয়ের দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিলেন। এই অধ্যাদেশ জারির মাধ্যমে শিক্ষার্থীদের সেই দীর্ঘদিনের দাবির চূড়ান্ত বাস্তবায়ন হলো।

শিক্ষার্থীরা এই সিদ্ধান্তকে উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন ও সেশনজট নিরসনের ক্ষেত্রে একটি বড় মাইলফলক হিসেবে দেখছেন।